

নতুন ধারার দৈনিক

আমাদের সমাধা

## প্রতিটি পলিটেকনিকে কারিগরি সেবা কেন্দ্র চালুর নির্দেশনা

প্রকাশ | ২০ অক্টোবর ২০১৮, ১৬:৫৩ | আপডেট: ২০ অক্টোবর ২০১৮, ১৭:০৭



নিজস্ব প্রতিবেদক



শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর বলেছেন, ইভাস্ট্রির সঙ্গে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের লিংকেজ বাড়ানোর পাশাপাশি প্রতিটি পলিটেকনিকে কারিগরি সেবা কেন্দ্র চালুর নির্দেশনা দেওয়া হচ্ছে, যাতে করে সাধারণ মানুষের সঙ্গেও প্রতিষ্ঠানগুলোর যোগসূত্রটা বাড়ে। জনসাধারণ সরাসরি এসব প্রতিষ্ঠান থেকে সেবা নিতে পারেন।

আজ শনিবার রাজধানীর মিরপুরে মার্ভিগ্রাস কনভেনশন হলে সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি

ছবি : আমাদের সময়

(এসএমআইটি)

আয়োজিত

‘জব

ফেয়ার-২০১৮’

অনুষ্ঠানে এসব সরকারি এ নির্দেশনার কথা জানান কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব।

এসএমআইটির ব্যবস্থাপনা পরিচালক সোহেলী ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশন্স অফিসার মো. মোখলেছুর রহমান, বিশ্বব্যাংকের স্কিল অ্যান্ড ট্রেনিং ইনহেস্টিমেন্ট প্রজেক্টের (STEP) প্রকল্পের পরিচালক এ বি এম আজাদ, সাইক গ্রুপের উপদেষ্টা মোহাম্মদ শামস্ উজ জামান প্রমুখ। পরে তারা জব ফেয়ারে অংশ নেওয়া স্টল ঘুরে দেখেন।

অনুষ্ঠানে বক্তারা মানসম্মত কারিগরি শিক্ষার প্রসারের ওপর গুরুত্বারোপ করে আরও বলেন, সরকার যেভাবে কারিগরি শিক্ষার ওপর জোর দিচ্ছে সে হিসেবে উন্নত দেশে পৌঁছাতে বাংলাদেশের বেশি সময় লাগবে না। তবে এ জন্য অনেক কাজ করতে হবে। সাইকের মতো ভালো প্রতিষ্ঠানকেও এগিয়ে আসতে হবে। এগিয়ে আসতে হবে ইভাস্ট্রিকে। যুগের সঙ্গে তাল মিলিয়ে ছাত্রদের চাকরির জন্য উপযুক্ত করে গড়ে তুলতে হবে।





স্টেপের সহায়তায় মূলত চাকরিদাতা বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে সরাসরি ভাইবার (মৌখিক পরীক্ষা) মাধ্যমে শিক্ষার্থীদের চাকরি নিশ্চিত করতেই এ জব ফেয়ারের আয়োজন করা হয়। ২০টির বেশি চাকরিদাতা প্রতিষ্ঠান তাদের স্টল স্থাপন করে জব ফেয়ারে অংশ নেয়।

এর আগে ফিতা কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি। পরে বক্তব্যে সাইকের বিভিন্ন অগ্রগতি ও শিক্ষার্থীদের জব প্লেসমেন্ট নিশ্চিতের বিষয়ে প্রতিষ্ঠানটির প্রশংসা করেন বক্তারা।

সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির সহকারী প্রশাসনিক কর্মকর্তা (এডমিন ও মিডিয়া) এরশাদুল বারী জানান, সাইক গ্রুপ পরিচালিত অর্ধশতাধিক প্রতিষ্ঠানের অন্যতম সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (এসআইএমটি)। সূনামধন্য এই প্রতিষ্ঠানটি প্রাইভেট পলিটেকনিক হিসাবে ২০০২ সালে যাত্রা শুরু পর থেকে আজ অবধি দীর্ঘ ১৬ বছর ধরে অত্যন্ত দক্ষতার সঙ্গে কার্যক্রম পরিচালনা করছে। পাশাপাশি সরকার ও বিশ্বব্যাংকের স্কিল অ্যান্ড ট্রেনিং ইনহেপমেন্ট প্রজেক্ট (STEP) প্রকল্পের সহায়তায় গত ৬ বছর ধরে সফলতার সঙ্গে শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পাদন করছে। শিক্ষার্থীদের চাকরি নিশ্চিত করতে এ পর্যন্ত সাইক চাকরিদাতা প্রায় শতাধিক ইন্ডাস্ট্রির সঙ্গে সমঝোতা স্মারক সই করেছে।

